দৈনিক সংবাদ

২৮/৭/২০০৫
তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৭২ ... কলাম ... ৩ ......

# অস্ত্র নিয়ে স্কুলে ঢুকে মস্তানি, ছাত্রীরা আতঙ্কিত

**নিজস্ব বার্তা পরিবেশক :** মিরপুরের একটি সরকারি উচ্চ বিদ্যালয়ে গতকাল মঙ্গলবার দুপুরে ২ সন্ত্রাসী অস্ত্র উঁচিয়ে ঢুকে ছাত্রীদের প্রায় আধঘণ্টা জিম্মি করে রাখে। এ সময় ছাত্রীরা আতঙ্কিত হয় কান্নাকাটি শুরু করে। ছাত্রীরা আতঙ্কে দৌড়াদৌড়ি শুরু করলে ২ সন্ত্রাসী তাদের গুলি করে হত্যার হুমকি দেয়। ওই স্কুলের প্রধান শিক্ষিকা খায়রুননাহার ঘটনার সত্যতা স্বীকার করে বলেন, এ ব্যাপারে থানায় জিডি করা হয়েছে। তিনি বলেন, সম্ভবত ওই সন্ত্রাসীরা প্রতিপক্ষের সন্ত্রাসীদের খুঁজতে স্কুলে প্রবেশ করেছিল। স্কুলের অভিভাবক ও ছাত্রীরা জানান, দুপুর ১২টার দিকে ২ জন সন্ত্রাসী ২টি পিস্তল উঁচিয়ে স্কুলের গেট দিয়ে প্রবেশ করে। এ সময় গেটে দারোয়ান থাকলেও তারা বাধা দেয়নি। সন্ত্রাসীরা ভেতরে ঢুকে স্কুলের দোতলায় উঠে পিস্তল উঁচিয়ে দৌড়াদৌড়ি করে। বিভিন্ন ক্লাসের মেয়েদের তারা ক্লাস রুমের মধ্যে অবস্থানের নির্দেশ দেয় নয়তো গুলি করবে বলে হুমকি দেয়। এ সময় প্রধান শিক্ষিকা স্কুলে অবস্থান করলেও পুলিশে খবর দেয়া বা অন্য কোন ব্যবস্থা নেননি। সন্ত্রাসীরা আধঘণ্টা স্কুলে অবস্থান করে চলে যায়। তারা স্কুলের কয়েকজন ছাত্রের নাম ধরে গালাগাল করে। উল্লেখ্য, ওই স্কুলে দুপুর ১২টা পর্যন্ত মেয়েদের